মন্ত্রিপরিষদ বিভাগের সেপ্টেম্বর ২০১৪ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **সেপ্টেম্বর ২০১৪** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **১৩ অক্টোবর ২০১৪**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়: **মন্ত্রিপরিষদ বিভাগ**	২০৮	১৭৮	৩০
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,০৭৩	৮৯৭	১৭৬
মোট	**১,২৮১**	**১,০৭৫**	**২০৬**

ক. ২ শূন্য পদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	৫	০৮	১২	০৫	৩০
দুর্নীতি দমন কমিশন	-	-	৫৪	২৫	৯৬	০১	১৭৬*

* সুপারনিউমারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্য পদের নাম	গুরুত্বপূর্ণ শূন্য পদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্য পদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-
২।	**দুর্নীতি দমন কমিশন**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	০২	-	০২	-	-	-	
দুর্নীতি দমন কমিশন	০১	-	০১	-	-	-	

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: **নেই।**

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/ উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	০২	-	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ-বৎসরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Supporting the Good Governance Programme (SGGP)	-	▪ জুন ২০১৩ পর্যন্ত ব্যয় হয় ৭.২৫ কোটি টাকা (এডিবি এবং জিওবি অর্থায়ন) ব্যয়ের হার ৯৫ শতাংশ। ▪ সেপ্টেম্বর ২০১৪ মাসে প্রকল্পে কোন ব্যয় হয়নি।	কোন নতুন প্রকল্প অনুমোদিত হয় নি।	-	প্রকল্পের কাজ চলমান রয়েছে।

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশীটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	৭টি	০.২৩	০০	০০	০৭টি	মন্ত্রিপরিষদ বিভাগের ০৭টি অডিট আপত্তি মামলা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতের মামলা নং-৭/২০০০-এর আওতায় বিচারাধীন রয়েছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	২৫টি	২৮৫.১২	-	০৮	১৭টি	ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	**৩৬টি**	**৯৮৫.৩৫**	০৪	০৮	**২৮টি**	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কেইসের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/ বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিস্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিস্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দন্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
মন্ত্রিপরিষদ বিভাগ	১	-	-	-	১	-
দুর্নীতি দমন কমিশন- ১২	-	-	-	-	১২	-

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা / এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	19th steering Group Meeting, 8th Regional Anti-corruption Conference of the ADB/OECD Anti-corruption Initiative for Asia and the Pacific, and the UNDP Workshop on Preventing Illicit Financial Flows for Financial Development স্থান: কম্বোডিয়া	০২-০৫ সেপ্টেম্বর ২০১৪	The Secretariat for ADB/OECD Anti-corruption Initiative for Asia and the Pacific	১ জন (ভারপ্রাপ্ত সচিব)
	২।	Study Tour in India on Grievance Redress System (GRS) স্থান: ভারত	১৫-১৯ সেপ্টেম্বর ২০১৪	ADB-এর আর্থিক সহায়তায় Improving Public Administration and services Delivery through E-solutions শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প	৬ জন (একজন ভারপ্রাপ্ত সচিব, দুইজন উপসচিব, তিনজন সিনিয়র সহকারী সচিব)
	৩।	Preparation of Reports and Write-Ups স্থান: বাংলাদেশ	০৭-১১ সেপ্টেম্বর ২০১৪	Bangladesh Society for Training and Development, Dhaka	১ জন (সিনিয়র সহকারী সচিব)

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: 'ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব ক্যাবিনেট ডিভিশন'-শীর্ষক কর্মসূচির আওতায় Business English Communication skill course for the 1st Class Officers of Cabinet Division শীর্ষক প্রশিক্ষণ কোর্স ২১ সেপ্টেম্বর ২০১৪ তারিখে শুরু হয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দ্য জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দ্য জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: সাত জন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সঙ্কট:**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার তিনটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুইটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দুইটি এবং মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ছয়টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(২) ০১ সেপ্টেম্বর ২০১৪ তারিখে ২০১৩ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের কার্যবিবরণী, বিজ্ঞপ্তি ও সার-সংক্ষেপসমূহের বাধাইকৃত মোট ৩১টি খন্ড বই আকারে বিজি প্রেস থেকে আনা হয়।

(৩) ২১ সেপ্টেম্বর ২০১৪ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভায় ৪০টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) ১৬ সেপ্টেম্বর ২০১৪ তারিখে ব্রাহ্মণবাড়িয়া এবং কুষ্টিয়া জেলার জেলা উন্নয়ন সমন্বয় সভার সদস্যদের সঙ্গে একটি করে মোট দুইটি ভিডিও কনফারেন্সিং অনুষ্ঠিত অনুষ্ঠিত হয়।

(৫) ১১ সেপ্টেম্বর ২০১৪ তারিখে Civil Registration and Vital Statistics (CRVS) কার্যক্রমের সার্বিক সমন্বয় এবং এ সংক্রান্ত বিষয়ে পরামর্শ ও দিক্-নির্দেশনা প্রদানের লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়।

(৬) ১৮ সেপ্টেম্বর ২০১৪ তারিখে 'The Customs Act, 1969' এবং প্রস্তাবিত 'কাস্টম্‌স আইন, ২০১৪'-এর খসড়া পর্যালোচনাপূর্বক খসড়াটি চূড়ান্ত করার নিমিত্ত একটি কমিটি গঠন করা হয়।

(৭) ২৮ সেপ্টেম্বর ২০১৪ তারিখে জাতীয় পল্লী উন্নয়ন কাউন্সিল-এর এক জন এবং জাতীয় স্টিয়ারিং কমিটির এক জন সদস্যের পরিচিতি ও ঠিকানা সংশোধন করা হয়।

(৮) মাননীয় প্রধানমন্ত্রী জাতিসংঘের সাধারন পরিষদের ৬৯তম অধিবেশনে যোগদানের জন্য ০৬ আশ্বিন/২১ সেপ্টেম্বর ২০১৪ তারিখ রবিবার ২১.৩০ ঘটিকায় ইকে-৫৮৫ ফ্লাইট যোগে যুক্তরাষ্ট্রের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৯) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে ০৭ সেপ্টেম্বর ও ২৫ সেপ্টেম্বর ২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর দুইটি সার-সংক্ষেপ প্রেরণ করা হয়।

(১০) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত পাঁচটি পত্র জারি করা হয়।

(১১) ০৩ সেপ্টেম্বর ২০১৪ তারিখের এস. আর. ও নম্বর ২২৮-আইন/২০১৪ দ্বারা Ministry of Communication-এর পরিবর্তে Ministry of Road Transport and Bridge (সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়) এবং Roads Division-এর পরিবর্তে Road Transport and Highways Division (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) করা হয়।

(১২) শিক্ষা মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ সাদিক ১২ ফেব্রুয়ারি ১৯৮৪ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক দীর্ঘ প্রায় ৩০ বছর ৭ মাস সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ১৮ সেপ্টেম্বর ২০১৪ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করেছেন। কর্মজীবনে তিনি সততা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। সরকারের নীতি ও কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নে তিনি নিষ্ঠার স্বাক্ষর রেখেছেন। সরকারের সচিব হিসাবে তাঁর দায়িত্ববোধ ও কর্তব্যপরায়ণতা প্রশংসার দাবিদার। দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য ড. মোহাম্মদ সাদিককে ধন্যবাদ জানিয়ে, তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে এবং সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পরও তিনি দেশের সেবায় নিয়োজিত

থাকবেন মর্মে আশা প্রকাশ করে মন্ত্রিসভার ১৫ সেপ্টেম্বর ২০১৪ তারিখের বৈঠকে গৃহীত ধন্যবাদ প্রস্তাব প্রজ্ঞাপনের মাধ্যমে ১৮ সেপ্টেম্বর ২০১৪ তারিখে সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হয়।

(১৩) মন্ত্রিপরিষদ সচিব জনাব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা সৌদি রাজকীয় আতিথেয়তায় পবিত্র হজ্জ পালন উপলক্ষ্যে ০১-১০ অক্টোবর ২০১৪ মেয়াদে সৌদি আবর সফরের ব্যয় নির্বাহের জন্য তাঁর অনুকূলে ২,০৭,৮৯৮.৭২ টাকা অগ্রিম উত্তোলনের জন্য ২৫ সেপ্টেম্বর ২০১৪ তারিখে আর্থিক মঞ্জুরি জারি করা হয়।

(১৪) মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ মঈন উদ্দিন International Symposium on Excellence in Public Service/Public Administration-এ যোগদানের উদ্দেশ্যে ০৭-০৯ অক্টোবর ২০১৪ মেয়াদে ভারতের নতুন দিল্লী সফরের ব্যয় নির্বাহের জন্য তারঁ অনুকূলে ৪১,৪০৩ টাকা অগ্রিম উত্তোলনের জন্য ২৯ সেপ্টেম্বর ২০১৪ তারিখে আর্থিক মঞ্জুরি আদেশ জারি করা হয়।

(১৫) ২৩ সেপ্টেম্বর ২০১৪ তারিখে ২০১৪-১৫ অর্থ-বছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়নের জন্য 'বাজেট ওয়ার্কিং গ্রুপ'-এর সভা অনুস্থিত হয়।

(১৬) ২৪ সেপ্টেম্বর ২০১৪ তারিখে ২০১৩-১৪ অর্থ-বছরের বাজেটে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের সক্ষমতা অর্জন সংক্রান্ত পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।

(১৭) সম্প্রতি শূন্য হওয়া টাঙ্গাইল শহরস্থ কান্দাপাড়া যৌনপল্লিতে পুনরায় আগত কিছু সংখ্যক যৌনকর্মিদের অবস্থান গ্রহণের কারণে ও হবিগঞ্জ জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের উপ-নির্বাচনের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত প্রতিবেদন সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(১৮) কুষ্টিয়া জেলার ডায়রিয়া পরিস্থিতি সংক্রান্ত প্রতিবেদন সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(১৯) কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলার মেঘনা নদীতে ট্রলার ডুবির প্রতিবেদন গত ০২ সেপ্টেম্বর ২০১৪ তারিখে সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(২০) 'পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০' এবং 'পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার বিধিমালা, ২০১৩'-এর আওতায় মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত পত্র সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(২১) কুমিল্লা জেলায় ধর্মীয় অনুভূতিতে আঘাতজনিত বক্তব্যের বিষয়ে সংঘটিত ঘটনার পরিপ্রেক্ষিতে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২২) মানিকগঞ্জ জেলায় গ্যাস সরবরাহের দাবিতে সংঘটিত ঘটনার প্রতিবেদন সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(২৩) ঈশ্বরগঞ্জ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে হামলা ও উপজেলা পরিষদ চত্বরে অরাজক পরিস্থিতি সৃষ্টির বিষয়ে গৃহীত কার্যক্রমের প্রতিবেদন সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(২৪) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে শারদীয় দূর্গাপূজা, ২০১৪ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা বিষয়ক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৫) জয়পুরহাট জেলায় ব্র্যাক ব্যাংকের টাকা চুরি সংক্রান্ত ঘটনার বিষয়ে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ বরাবর পত্র দেওয়া হয়।

(২৬) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশীটভুক্ত ৭০ জন, নথিভুক্তি ১৩ জন এবং তদন্তে ৩৩ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর অপরাধ প্রমাণিত না হওয়ার বিষয় অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(২৭) বিভিন্ন আইনে একজন কর্মকর্তাকে মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(২৮) বিভিন্ন দেশের High Commissioner, Ambassador ও দূতাবাসের কর্মকর্তাবৃন্দ বিভিন্ন জেলা সফর করেন। সফরকালে তাঁদেরকে উপযুক্ত সৌজন্য প্রদর্শন, প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও নিরাপত্তা বিধানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়।

(২৯) মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২২ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ছয়জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার জন্য এবং দুইজন কর্মকর্তার বিরুদ্ধে তদন্তে প্রাথমিকভাবে অভিযোগ প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৩০) National Integrity Strategy (জাতীয় শুদ্ধাচার কৌশল)-এর বিষয়টি বিভিন্ন প্রতিষ্ঠানের প্রশিক্ষণ মডিউলে অন্তর্ভুক্তকরণের জন্য ১৪টি মন্ত্রণালয়/বিভাগে পত্র দেওয়া হয়।

(৩১) জেলা পর্যায়ে তথ্য অধিকার আইনের বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে প্রত্যেক জেলায় ১৫ সদস্যবিশিষ্ট উপদেষ্টা কমিটি গঠনের প্রজ্ঞাপন জারি করা হয়।

(৩২) ২০১৪-১৫ অর্থ-বছরে দুর্নীতি দমন কমিশনের 'Construction of the Office Building for Jessore Integrated District Office' (কোড নম্বর-৫০১১) শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অর্থ বরাদ্দ প্রদানের জন্য এ বিভাগের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৩) ২০১৪-১৫ অর্থ-বছরে অনুমোদিত এডিপিতে 'Construction of the Office Building for Jessore Integrated District Office' (কোড নম্বর-৫০১১) শীর্ষক প্রকল্পের জন্য উন্নয়ন বাজেটে ধার্যকৃত বরাদ্দের বিভাজন অনুমোদন সংক্রান্ত পত্র এ বিভাগের প্রধান হিসারক্ষণ কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয়।

(৩৪) ০৯ সেপ্টেম্বর ২০১৪ তারিখে ভারপ্রাপ্ত সচিব (সমন্বয় ও সংস্কার)-এর সভাপতিত্বে 'জেলা সদরে কোর ভবণের নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স'-এর ১৭৩তম সভা' অনুষ্ঠিত হয়।

(৩৫) ন্যাশনাল ই-সার্ভিস সিস্টেম এবং ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্রের ড্যাশবোর্ড মনিটরিং করা হয় এবং সেপ্টেম্বর ২০১৪ মাসের কার্যক্রমের একটি প্রতিবেদন প্রস্তুত করা হয়।

(৩৬) মন্ত্রিপরিষদ বিভাগের প্রস্তুতকৃত নতুন ওয়েব পোর্টালটির ত্রুটি-বিচ্যুতি সংক্রান্ত একটি পর্যবেক্ষণ প্রস্তুত করে এটুআই প্রোগ্রাম-এ পাঠানো হয়।

(৩৭) মন্ত্রিপরিষদ কক্ষে স্থাপিত দুইটি মাল্টিমিডিয়া প্রজেক্টর পরিবর্তন করে নতুন দুইটি মাল্টিমিডিয়া প্রজেক্টর লাগানো হয়।

(৩৮) প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের সার্বিক সহায়তায় মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার ইউনিটে ন্যাশনাল ই-সার্ভিস সিস্টেম (নেস)-এর কার্যক্রম চালু করা হয়।

(৩৯) মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৪-১৫ অর্থ-বছরের বাজেটের কোয়ার্টারভিত্তিক আয় ও ব্যয় প্রণয়ন সংক্রান্ত প্রতিবেদন এ বিভাগের পরিকল্পনা ও বাজেট অধিশাখায় প্রেরণ করা হয়।

(৪০) Civil Registration and Vital Statistics (CRVS)-এর কার্যক্রম সার্বিক সমন্বয় এবং এ বিষয়ে পরামর্শ ও দিক্-নির্দেশনা প্রদানের লক্ষ্যে স্টিয়ারিং কমিটি গঠনের প্রজ্ঞাপন জারি করা হয়।

(৪১) Civil Registration and Vital Statistics (CRVS)-এর স্টিয়ারিং কমিটির প্রথম সভা ২৮ সেপ্টেম্বর ২০১৪ তারিখে অনুষ্ঠিত হয়।

(৪২) জনাব মো: আব্দুল বারিক, উপসচিব ০৪ সেপ্টেম্বর ২০১৪ তারিখ কক্সবাজার জেলার মহেশখালী উপজেলা, জনাব মো: সাইদুর রহমান, উপসচিব গত ১৮ আগস্ট ২০১৪ তারিখ নওগা জেলার মান্দা উপজেলা, জনাব মো: আজাদুর রহমান মল্লিক, উপসচিব ২৮ আগস্ট ২০১৪ তারিখে কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলা এবং জনাব মো: সাখাওয়াত হোসেন, সিনিয়র সহকারী সচিব ২৩ আগস্ট ২০১৪ তারিখে খুলনা জেলার ডুমুরিয়া উপজেলা পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনের মন্তব্য/সুপারিশের ওপর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে পত্র দেওয়া হয়।

(৪৩) কাজী হাসান আহমেদ, অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রংপুর এবং জনাব মোঃ রুহুল আমিন, জেলা প্রশাসক, কক্সবাজারকে তাঁদের আবেদনের পরিপ্রেক্ষিতে ১৫ দিনের শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরির বিষয়ে সম্মতি/মতামত সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

(৪৪) জনাব মোঃ নুরুল ইসলাম, জেলা প্রশাসক, গাজীপুরকে AARDO কর্তৃক আয়োজিত আগামী ১০-৩১ অক্টোবর ২০১৪ মেয়াদে কোরিয়াতে অনুষ্ঠেয় 'Sustainable Agricultural Development' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের বিষয়ে সম্মতি প্রদান হয়।

(৪৫) Australian APEC Study Centre (AASC)-এ অনুষ্ঠেয় Capacity Building Training Program-এ অংশগ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, যশোরকে কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়।

(৪৬) ১০০ পৃষ্ঠা সম্বলিত ১০,০০০টি ষ্ট্যাম্প ভেন্ডার রেজিস্ট্রারের অবশিষ্ট ৬,১৭০টি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক, বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকাকে অনুরোধ করা হয়।

(৪৭) ভারতে অনুষ্ঠেয় দুই সপ্তাহ মেয়াদি 'Mid-Career Training for Field Administration for Bangladesh Civil Servants' শীর্ষক প্রশিক্ষণে জেলা প্রশাসকবৃন্দকে অন্তর্ভুক্তকরণের জন্য সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(৪৮) ফলমূল ও খাদ্যদ্রব্যে ফরমালিন এবং বিষাক্ত রাসায়নিক দ্রব্য মিশ্রণকারীদের বিরুদ্ধে অভিযান পরিচালনার বিষয়ে সকল মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব বরাবর পরিপত্র প্রেরণ করা হয়।

(৪৯) চাঁপাইনবাবগঞ্জ-এর আনসার ও ভিডিপি ডিস্ট্রিক্ট কমান্ড্যান্ট কর্তৃক 'জেলা শাসক' পদবি ব্যবহারের বিষয়ে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫০) দুই বছরের অধিককাল যাবৎ জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, লালমনিরহাট কর্তৃক জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় অনুপস্থিত থাকার বিষয়ে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫১) নাটোর উত্তরা গণভবন-এর সম্মুখে বিটিভির জনপ্রিয় অনুষ্ঠান 'ইত্যাদি' ধারণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি পত্র জেলা প্রশাসক, নাটোর বরাবর প্রেরণ করা হয়।

(৫২) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত প্রস্তাব বাস্তবায়নের বিষয়ে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, নৌ-পরিবহন, রেলপথ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এবং সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৩) আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবস, ২০১৪ উদ্‌যাপনের জন্য জেলা প্রশাসকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৪) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির ১৭-২১ সেপ্টেম্বর ২০১৪ তারিখে কিশোরগঞ্জ জেলার ইটনা ও মিঠামইন উপজেলায় সফর উপলক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০৮ সেপ্টেম্বর ১৪ তারিখে বিভাগীয় কমিশনার, ঢাকা ও জেলা প্রশাসক, কিশোরগঞ্জ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৫) ২০১৪-১৫ শিক্ষাবর্ষে বিভিন্ন স্তরের সরকারি পাঠ্যপুস্তকের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৬) 'মহান বিজয় দিবস, ২০১৪' উদ্‌যাপনের বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী সকল বিভাগীয় কমিশনার বরাবর প্রেরণ করা হয়।

(৫৭) কক্সবাজার জেলায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পোল্ডারের ক্ষতিগ্রস্ত বাঁধ মেরামত/পুন:নির্মাণের বিষয়ে ১১ সেপ্টেম্বর ১৪ তারিখে সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৮) উত্তরা গণভবনে ডিফেন্স সার্ভিসেস কমান্ড এ্যান্ড স্টাফ কলেজের অভ্যন্তরীণ শিক্ষা সফরের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি পত্র জেলা প্রশাসক, নাটোর বরাবর প্রেরণ করা হয়।

(৫৯) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর ১৯ সেপ্টেম্বর ২০১৪ তারিখে গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া উপজেলা সফর উপলক্ষে বিভাগীয় কমিশনার, ঢাকা ও জেলা প্রশাসক, গোপালগঞ্জ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬০) ঢাকা মহানগর এলাকার সহকারী কমিশনার (ভূমি)-এর শূন্যপদ পূরণের বিষয়ে বিভাগীয় কমিশনার, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'স্ট্রেনদেনিং জিও কোডিং সিস্টেম কর্মসূচি'র আওতায় জিওকোড আধুনিকীকরণ এবং প্রশাসনিক ইউনিটের নামের বানান শুদ্ধ ও প্রমিতকরণের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬২) ১৮ অক্টোবর ২০১৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিতব্য জেলা প্রশাসক-জেলা ম্যাজিস্ট্রেট যৌথ সীমান্ত সম্মেলন সংক্রান্ত ওরিয়েন্টেশন কর্মসূচির বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব, সকল বিভাগীয় কমিশনার এবং সীমান্তবর্তী ৩২টি জেলার জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬৩) 'জাতীয় উৎপাদনশীলতা দিবস, ২০১৪' পালন উপলক্ষে শিল্প মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পত্র সকল বিভাগীয় কমিশনার বরাবর প্রেরণ করা হয়।

(৬৪) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা-এর কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(৬৫) পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে সড়কপথে যাতায়াতকারী যাত্রীসাধারণের যাতায়াত নির্বিঘ্ন করার বিষয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী ২৫ সেপ্টেম্বর ২০১৪ তারিখে সকল বিভাগীয় কমিশনার বরাবর প্রেরণ করা হয়।

(৬৬) পানি সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির চতুর্থ বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২৮ সেপ্টেম্বর ২০১৪ তারিখে সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬৭) কোরবানিকৃত পশুর উচ্ছিষ্ট অপসারণ ও এর সুষ্ঠু ব্যবস্থাপনার বিষয়ে ২৯ সেপ্টেম্বর ২০১৪ তারিখে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬৮) ই-ফাইলিং বিষয়ক রিফ্রেশার্স প্রশিক্ষণের জন্য সাতটি বিভাগে মোট ১১,৯৭,৪৬ টাকা টিটি/ডিডি মারফত বিভাগীয় কমিশনার বরাবর প্রেরণ করা হয়।

গ. আগামী দুই (অক্টোবর-নভেম্বর) মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৬) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০১৪ সালের তৃতীয় ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) প্রতিবেদন প্রণয়ন।

(৭) মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৩-১৪ অর্থ-বছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।

(৮) দশম জাতীয় সংসদের ২০১৫ সালের প্রথম অধিবেশনের সূচনায় মহামান্য রাষ্ট্রপতির ভাষণের খসড়া প্রণয়ন।